

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত **Industrial Practices** এর উপর
৭ তম প্রশিক্ষণ কোর্স, ০৪-০৭ মার্চ ২০১৯ ইং এর প্রতিবেদন



আয়নাযনকারী বিকিরণ সোর্স/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য পানিবিদ্য বিধিমালা ১৯৯৭ অনুযায়ী প্রশিক্ষণের প্রয়োজন। দক্ষ বিশেষজ্ঞগণ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা তেজস্ক্রিয় পদার্থ/সোর্স যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা, এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে ওয়াকিবহাল থাকা প্রয়োজন।

০৪-০৭ মার্চ ২০১৯ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবনের ক্লাসরুমে আরসিও-দের জন্য শিল্প ক্ষেত্রে আয়নাযনকারী বিকিরণ সংক্রান্ত একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। শিল্প ক্ষেত্রে আয়নাযনকারী বিকিরণ উৎস ব্যবহার সংশ্লিষ্ট বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের আরসিও প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, হবিগঞ্জ, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, কুষ্টিয়া) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মোট ৩৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৩ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ সংক্রান্ত ০১টি প্রশিক্ষণ কোর্সে মোট ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০১৪ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত ০১টি প্রশিক্ষণ কোর্সে ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৫ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত মোট ০১টি প্রশিক্ষণ কোর্সে ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৬ সালের আগস্ট মাসে অনুষ্ঠিত ০১ টি প্রশিক্ষণ কোর্সে ৩৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৭ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত ০১ টি প্রশিক্ষণ কোর্সে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৮ সালের অক্টোবর মাস পর্যন্ত ০১ টি প্রশিক্ষণ কোর্সে মোট ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৯ সালের মার্চ মাস পর্যন্ত ০১ টি প্রশিক্ষণ কোর্সে মোট ৩৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ সংক্রান্ত এ পর্যন্ত মোট ০৭ টি উল্লেখিত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ২৪৫ (দুইশত পঁয়তাল্লিশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

১২ই ফেব্রুয়ারী ২০১৩ সালে বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসের ১৬ তারিখ ও নভেম্বর মাসের ১৩ তারিখে শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ সংক্রান্ত ২টি আরসিও পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লেখিত আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট ৫৪ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ৩২ জন এবং ২০১৫ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখে অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ২১ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৯ জন। ২০১৬ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ২৩ জন এবং উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১২ জন। ২০১৭ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ৩৩ জন এবং উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২৫ জন।

সামগ্রিক ভাবে, বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৩ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১০টি প্রশিক্ষণ কোর্সে মোট ৪৭৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০১৪ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১৪টি প্রশিক্ষণ কোর্সে ৬৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৫ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১২টি প্রশিক্ষণ কোর্সে ৩৮৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৬ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১৪টি প্রশিক্ষণ কোর্সে ৫৫৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৭ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১২টি প্রশিক্ষণ কোর্সে ৪৩২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৮ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১৩টি প্রশিক্ষণ কোর্সে ৪৩৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৯ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি মাস পর্যন্ত ০২ টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি মাস পর্যন্ত প্রশিক্ষণ কোর্সে মোট ৭০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর এ পর্যন্ত মোট ৭৭ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ২৯৯২ (দুই হাজার নয়শত বিরানব্বই) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

উল্লেখ্য যে প্রশিক্ষণার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।